ই-স্কুল শ্রেণি কার্যক্রম-২০২০

মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়, রাজশাহী

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

শ্রেণি: সপ্তম

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — **সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান : ৭০

১। নিয়াজ ও মোর্শেদ দুই বন্ধু। নিয়াজের আল্লাহর ওপর পূর্ণ ইমান আছে। সে নামায পড়ে, রোযা রাখে তথা সর্বদা আল্লাহর ভয়ে ভীত থাকে। পক্ষান্তরে মোর্শেদ খুব দৃঢ় নয়। ইদানিং মোর্শেদ ইসলামে নিষিদ্ধ এমন অনেক কাজেও লিপ্ত হচ্ছে। নিয়াজ তার বন্ধুর এই পরিস্থিতিতে ব্যথিত হয়ে তাকে নিয়ে একদিন ওয়াজ মাহফিলে যায়। উক্ত মাহফিলে বিজ্ঞ আলেম তাওহিদের ব্যাখ্যা করতে গিয়ে নিচের আয়াতখানা বলেন–

لَوْ كَانَ فِيْهِمَآ اٰلِهَةٌ اِلَّا اللّٰهُ لَفَسَدَتَا

অর্থ : যদি আকাশ ও পৃথিবীতে আল্লাহ ব্যতীত বহু ইলাহ থাকত, তবে উভয়ই ধ্বংস হয়ে যেত। (সূরা আল-আম্বিয়া, ২২)

ক. তাওহিদ শব্দের অর্থ কী? ১
খ. নিজেকে মুসলমান বলে দাবি করলেই কী মানুষ মুক্তি পাবে? ২
গ. মোর্শেদ কীভাবে নিজেকে খাঁটি তাওহিদবাদীতে পরিণত করতে পারে? ৩
ঘ. তাওহিদে বিশ্বাসের গুরুত্ব আলোচনা কর। ৪

২। জাহান্নামের উপর স্থাপিত একটি পুল আছে। এ পুল পর হয়ে জান্নাতিগণ জান্নাতে প্রবেশ করবেন। আখিরাতে সব মানুষকেই এ পুলের উপর আরোহণ করে তা অতিক্রম করতে হবে। ইমানদারগণ নিজ নিজ আমল অনুযায়ী পুল অতিক্রম করবেন। কেউ বিদ্যুৎগতিতে, কেউ ঝড়ের গতিতে, কেউ ঘোড়ার গতিতে, কেউ দৌড়ের গতিতে কেউবা হেঁটে হেঁটে এ পুল পার হবেন।

ক. কোন দুটি শব্দ মিযানের নেকির পাল্লা পূর্ণ করে দেয়? ১
খ. মিযান বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কোন পুলের কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আকাইদের সাথে উক্ত পুলের সম্পর্ক মূল্যায়ন কর। ৪

৩। আল্লাহ তায়ালার অনেকগুলো গুণবাচক নাম রয়েছে। এগুলোকে একত্রে আসমাউল হুসনা বলা হয়। মানব জীবনে আল্লাহ তায়ালার এ গুণবাচক নামসমূহের প্রভাব অপরিসীম।

ক. 'ইসম' শব্দের অর্থ কী? ১
খ. তাকদিরের প্রতি বিশ্বাস বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লেখিত বিষয়টি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষ বাক্যটি বিশ্লেষণ কর। ৪

৪। রহিম সাহেব তার ছেলেকে বলেন, আমাদের সব সময় উচিত ইসলামের মূল বিষয়সমূহের প্রতি বিশ্বাস রাখা এবং আল্লাহর দেওয়া নিয়ামতের জন্য কৃতজ্ঞতা স্বীকার করা। কিন্তু আমাদের পাশের বাসার সহিদ আল্লাহর প্রতি কৃতজ্ঞতা স্বীকার করে না। সে একজন কাফির। তার পরিণতি খুবই ভয়াবহ।

ক. কুফর অর্থ কী? ১
খ. কুফরের ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. সহিদ কোন ধরনের কাজ করলে কাফির না হয়ে মুমিন হিসেবে গণ্য হবে? বর্ণনা কর। ৩
ঘ. একজন কাফির হিসেবে সহিদের পরিণতি কেমন হতে পারে? আলোচনা কর। ৪

৫। সিহাব সাহেবের ছেলের খুব অসুখ। ডাক্তার দেখিয়েও কোন উন্নতি হচ্ছে না। তার বড় ভাই শফিক সাহেব তাকে বললেন ধৈর্য্য হারা না হয়ে আল্লাহর উপর বিশ্বাস রাখতে। পথে যেতে যেতে সিহাব সাহেব একটি মাজার দেখলেন এবং গাড়ি রেখে মাজারে গিয়ে সিজদায় পড়ে কান্নাকাটি শুরু করে দিলেন এবং মাজারের পীরের সাহায্য চাইতে লাগলেন। তার বড় ভাই শফিক সাহেব তার এ ধরনের আচরণ দেখে এবং এর পরিণতির কথা ভেবে খুব চিন্তিত হলেন।

ক. তাওহিদ শব্দের অর্থ কী? ১
খ. আমরা তাকদিরের প্রতি কেন বিশ্বাস করব? ২
গ. উদ্দীপকে সিহাব সাহেব মাজারে সিজদারত হয়ে কী ধরনের অন্যায় করেছেন? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. শফিক সাহেবের চিন্তিত হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৬। রহমান সাহেবের বড় ছেলে গাড়ি চাপা পড়ে মারা গেল। ছেলেটি ছিল সংসারের একমাত্র উপার্জনকারী। রহমান সাহেব মসজিদে নামাজ পড়তে গিয়ে নামাজ শেষে কান্নায় ভেঙে পড়লেন। ইমাম সাহেব তাকে সান্ত্বনা দিতে গিয়ে বলেন, বালা-মসিবত, বিপদ-আপদ আল্লাহর পক্ষ থেকে আসে। সব ক্ষেত্রে সবর করতে হয়। কেন না আল্লাহ-ধৈর্য্যশীলদের ভালোবাসেন। মহান আল্লাহ বলেন, তুমি শুভ সংবাদ দাও ধৈর্য্যশীলদের।

ক. সাবুরুন শব্দের অর্থ কী? ১
খ. মানব জীবনে ধৈর্য্যের প্রয়োজনীয়তা উল্লেখ কর। ২
গ. রহমান সাহেব তার পুত্র হারানোর ক্ষেত্রে কীভাবে ধৈর্য্যধারণ করতে পারে? উদ্দীপকে বর্ণিত আয়াতটির আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. শরিয়তের দৃষ্টিতে ইমাম সাহেবের বক্তব্যের আলোচ্য বিষয়ের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭। আল মামুন সাহেব গ্রামের একজন মাতবর। তিনি গরিবদের দান করেন। অপরাধীর দণ্ডদান করেন এবং সমাজে ন্যায় বিচার প্রতিষ্ঠা করেন। মসজিদের ইমাম সাহেব একদিন খতবার আলোচনায় বলেন, আল্লাহ তা'আলার কিছু গুণবাচক নাম রয়েছে সেগুলোর অনুকরণে আমাদের চলতে হবে। কেননা আল্লাহ তা'আলা নিজেই বলেছেন, "তোমরা আল্লাহর গুণে গুণান্বিত হও।"

ক. আল আসমা উল হুসনা শব্দের অর্থ কী? ১
খ. আল্লাহু কায়্যুমুন বুঝিয়ে লেখ। ২
গ. আল মামুন সাহেবের দণ্ডদান করাটা আল্লাহর কোন গুণবাচক নামের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানব জীবনে ইমাম সাহেবের বক্তব্যের প্রভাব মূল্যায়ন কর। ৪

৮। ফয়সাল একজন মেধাবী ছাত্র। সে সকল বিষয় জানতে আগ্রহী। একদিন তার পাঠ্য বইয়ে কালিমার অর্থ পড়ল আল্লাহ ছাড়া কোন মা'বুদ নেই, হযরত মুহাম্মদ (স) আল্লাহর রাসুল। এরপর সে তার বাবার কাছে নবি রাসুল ও রিসালাত সম্পর্কে জানতে চাইল। তার বাবা তাকে বিস্তারিত বুঝিয়ে বললেন।

ক. রিসালাত কী? ১
খ. নবি-রাসুল বলতে কী বোঝায় ব্যাখ্যা কর। ২
গ. নবি-রাসুল আগমনের যেসব কারণ বা উদ্দেশ্য ফয়সাল চিহ্নিত করতে পেরেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. ফয়সাল রিসালাতে বিশ্বাসের যে তাৎপর্য বুঝতে পেরেছে তা বিশ্লেষণ কর। ৪

৯। আব্দুর রহিম সাহেবকে গ্রামের সবাই সম্মান করে। তিনি কখনো কারো সাথে খারাপ ব্যবহার করেন না। তিনি ইসলামের মৌলিক বিষয়গুলো অনুসারে জীবনযাপন করেন। তিনি আল্লাহর গুণে গুণান্বিত হতে চান। তিনি আল্লাহর গুণবাচক নামগুলো সম্পর্কে ভালোভাবে জানেন এবং আল্লাহর প্রতিটি গুণ যেন তার মধ্যে ফুটে ওঠে, এজন্য সর্বদা সচেষ্ট থাকেন। আল্লাহর গুণবাচক নামের প্রভাব প্রত্যেকটি মুসলিমের জীবনে অতুলনীয়। রহিম সাহেব আল্লাহর গুণবাচক নামসমূহ থেকে উত্তম গুণাবলি অর্জনে উৎসাহিত হলেন।

ক. আসমাউল হুসনা অর্থ কী? ১
খ. আল্লাহর কয়েকটি গুণবাচক নামগুলো লিখ। ২
গ. আব্দুর রহিম সাহেব কীভাবে আল্লাহর গুণবাচক নামসমূহ হতে উত্তম গুণাবলি অর্জন করতে পারেন, তা উপস্থাপন কর। ৩
ঘ. আব্দুর রহিম সাহেবের ন্যায় প্রত্যেক মুসলিমের জীবনে আল্লাহর গুণবাচক নামের প্রভাব কতটা গুরুত্বপূর্ণ তা মূল্যায়ন কর। ৪

১০। আব্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ইসলাম শিক্ষার শিক্ষক জনাব ওহিদুল ইসলাম শিক্ষার্থীদেরকে ওহি সম্পর্কে পড়াচ্ছিলেন। তিনি বললেন, যুগে যুগে বিভ্রান্ত মানুষকে সঠিক পথে আনার জন্য আল্লাহ পৃথিবীতে অনেক নবি-রাসুল পাঠিয়েছেন। এসব নবি-রাসুলগণের নিকট মহান আল্লাহর পক্ষে সংবাদ বা বাণী প্রেরিত হতো। নবি-রাসুলগণ এসব বাণী অনুসারে নিজেদের জীবন গঠন করতেন এবং অন্যদেরকে সঠিক পথের নিয়ে আসার জন্য এসব বাণী প্রচার করতেন। ওহি নাযিল না হলে আমরা মহান স্রষ্টা এবং তার সৃষ্টির রহস্য সম্পর্কে কিছুই জানতে পারতাম না। জনাব ওহিদুল ইসলাম শিক্ষার্থীদেরকে ওহির তাৎপর্য সম্পর্কে সচেতন হওয়ার পরামর্শ দিলেন।

ক. ওহি অর্থ কী? ১
খ. ওহির প্রকারভেদ লিখ। ২
গ. নবি-রাসুলগণের নিকট কীভাবে ওহি নাযিল হতো তা বর্ণনা কর। ৩
ঘ. জনাব ওহিদুল ইসলামের ওহির প্রতি গুরুত্বারোপকে তুমি কতটুকু সমর্থন কর। ৪

১১। আবিদ সাহেব জ্ঞানী ব্যক্তি। কিন্তু আল্লাহ তায়ালার উপর পরিপূর্ণ বিশ্বাস নাই। আল্লাহ আমাদের দুনিয়াতে পাঠিয়েছেন তাঁর ইবাদতের জন্য। কিন্তু তিনি মসজিদ মুখি না হয়ে, সালাত আদায় না করে, নবি রাসুলের কাজে ইমান না এনে নিজের ইচ্ছামত কাজ করেন।

ক. ইমানে মুফাসসাল অর্থ কী? ১
খ. শিরক বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. আবিদ সাহেবের ইমানের ধরন হিসেবে তিনি কোন কোন গুনাহর জন্য দায়ী হবেন? ৩
ঘ. 'নিশ্চয় আল্লাহ তার সাথে শরিক করার গুনাহ ক্ষমা করেন না'। কুরআন মজিদের এই বাণীর সার্থকতা নিরূপণ কর। ৪

সময় : ৩০ মিনিট — **বহুনির্বাচনি প্রশ্ন** — পূর্ণমান : ৩০

১. **যে কারও সামনে মাথা নত করে না সে কিসে বিশ্বাস করে?**
ক) জান্নাত ও জাহান্নামে খ) আল্লাহর একক সত্তায়
গ) মৃত্যুর পর পুনরুত্থানে ঘ) জিন ও ফেরেস্তাদের

◈ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
'রিয়া' আগুনকে সবচেয়ে শক্তিশালী মনে করে। সে আল্লাহর সাথে আগুনের তুলনা করে।

২. **রিয়ার কাজের ফলে যে ধরনের অপরাধ সংঘটিত হয়?**
i. জঘন্যতম ii. ঘৃণ্যতম
iii. ইমান বিরোধী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) iii ঘ) i, ii ও iii

৩. **রিয়ার সংগঠিত অপরাধের শাস্তি–**
ক) লঘু খ) ভয়াবহ
গ) হালকা ঘ) শাস্তি নেই

৪. **আকিদাহ অর্থ কী?**
ক) ইমান খ) বিশ্বাস গ) ইয়াকিন ঘ) বিশ্বামালা

৫. **মিমি আল্লাহকে এক বলে বিশ্বাস করে। এই বিশ্বাসের নাম–**
ক) ইমান খ) আকাইদ গ) তাওহিদ ঘ) শিরক

৬. **সকল কাজের জন্য আল্লাহর কাছে জবাবদিহি করতে হবে– এটি কিসের শিক্ষা?**
ক) ইমানের খ) ইসলামের গ) তাওহিদের ঘ) কুফরির

৭. **যাকে আল্লাহদ্রোহী বলা হয়–**
ক) মুশরিক খ) মুনাফিক গ) কাফির ঘ) ইমানদার

৮. **পরকালে শাস্তি থেকে রক্ষা পেতে করণীয়–**
ক) তওবা খ) হজ গ) শিরক ঘ) হত্যা

◈ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
মুনির সাহেব তাওহিদে বিশ্বাস করে। তার সকল কাজ এই বিশ্বাসের প্রতিফলন ঘটে।

৯. **মুনির সাহেবের বিশ্বাসের বিপরীত কাজ কোনটি?**
ক) কুফর খ) শিরক গ) নিফাক ঘ) কিখব

১০. **মুনির সাহেব–**
i. আল্লাহর একক সত্তায় বিশ্বাস করেন
ii. আল্লাহর গুণাবলিতে বিশ্বাস করেন
iii. ফেরেস্তাদের আল্লাহ সমকক্ষ মনে করেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. **ইসলামের সর্বপ্রথম বিষয় কোনটি?**
ক) তাওহিদ খ) মুশরিক গ) ইমান ঘ) আকাইদ

১২. **তাওহিদে অবিশ্বাসকারীগণ–**
ক) আত্মমর্যাদা বিনষ্ট করে খ) আত্মপ্রত্যয়ী হয়
গ) আত্মমর্যাদা লাভ করে ঘ) অসচেতন হয়

১৩. **সকল কাজের জন্য আল্লাহর কাছে জবাবদিহি করতে হবে । এটি কিসের শিক্ষা?**
ক) ইমানের খ) তাওহিদের
গ) মুশরিকের ঘ) কাফিরের

১৪. **আল্লাহ ন্যায় বিচারের জন্য কিয়ামতের দিন স্থাপন করবেন–**
ক) সিরাত খ) মিযান গ) কিয়াস ঘ) জাহান্নাম

১৫. **ইসলামের দৃষ্টিতে কবর পূজা করা কী?**
ক) কুফর খ) নিফাক
গ) শিরক ঘ) বিদআত

১৬. **আযিযুন অর্থ কী?**
ক) চিরঞ্জীব খ) সহনশীল
গ) সর্বশক্তিমান ঘ) মহাপরক্রিমশালী

১৭. **যে শিরক করে তাকে কী বলে?**
ক) কাফির খ) মুনাফিক গ) পূজারী ঘ) মুশরিক

১৮. **'আল-হায়্যুন' শব্দের অর্থ–**
ক) সর্বশক্তিমান খ) সর্বশ্রোতা গ) সর্বদ্রষ্টা ঘ) চিরঞ্জীব

১৯. **'মুফাস্‌সাল' শব্দের অর্থ–**
ক) বর্ণনা খ) সংক্ষেপে
গ) বিস্তারিত ঘ) অস্বীকার

◈ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
X নামের একজন ব্যক্তি আল্লাহ ছাড়া চন্দ্র, সূর্য, গাছপালার পূজা করে।

২০. **X-এর কাজটি কিসের অন্তর্ভুক্ত?**
ক) শিরকের খ) মুনাফিকের
গ) পাগলামী ঘ) কুফরের

২১. **X-এর কর্মের জন্য তাকে আখিরাতে দেওয়া হবে–**
ক) পুরস্কার খ) তিরস্কার
গ) শাস্তি ঘ) গালি

২২. **আল্লাহর প্রতি বিশ্বাসের মূল কথা হলো–**
i. তাওহিদে বিশ্বাস ii. রিসালাতে বিশ্বাস
iii. আল্লাহর একত্ববাদে বিশ্বাস
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. **ইসলামের ফরয ইবাদতসমূহকে অস্বীকার করা কোনটির অন্তর্ভুক্ত?**
ক) নিফাক খ) শিরক
গ) বিদআত ঘ) কুফর

২৪. **ফেরেশতাগণ নূরের তৈরি। তারা–**
i. অদৃশ্য সত্তা
ii. যেকোনো আকৃতি ধারন করতে পারেন
iii. আল্লাহর নির্দেশ পালনে সদা প্রস্তুত থাকেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. **হযরত জিবরাইল (আ.) কোন ধরনের কাজ করতেন?**
ক) আল্লাহর বাণী পৌছানো
খ) জিনদের মৃত্যু ঘটানো
গ) মানুষের জীবিকা বণ্টন
ঘ) সিংগা নিয়ে আল্লাহর নির্দেশের অপেক্ষা

২৬. **আল্লাহর সাথে অন্যের তুলনা করাকে কী বলে?**
ক) শিরক খ) কুফর
গ) বিদ্‌আত ঘ) কাফির

২৭. **পৃথিবীর সবকিছু ধ্বংস হলেও আল্লাহ থাকবেন। এটি কোন নামের ফযিলত?**
ক) আল্লাহু খাবিরুন খ) আল্লাহ হায়্যুন
গ) আল্লাহু কায়্যুমুন ঘ) আল্লাহ সাবুরুন

২৮. **আল্লাহর গুণবাচক নাম কতদিক থেকে প্রভাব বিস্তার করে?**
ক) ২ দিক খ) ৩ দিক গ) ৪ দিক ঘ) ৬ দিক

২৯. **'নিশ্চয়ই শিরক চরম যুলুম' বাণীটি কোন সূরার অংশ?**
ক) সূরা লোকমান খ) সূরা নিসা
গ) সূরা আলে ইমরান ঘ) সূরা কাসাস

৩০. **শরিফ সাহেব বিপদে পড়লে আল্লাহর কাছে সাহায্য চান। এটি শিক্ষা দেয়–**
i. সকল ইবাদত আল্লাহর জন্য
ii. কিছু চাইলে আল্লাহর কাছে চাইতে হয়
iii. আল্লাহ ছাড়া মাবুদ নেই
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii